



বাংলাদেশ প্রেস কাউন্সিল

৪০, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

www.presscouncil.gov.bd

ছক

অধিদপ্তর/দপ্তর/সংস্থা: বাংলাদেশ প্রেস কাউন্সিল

২০১৮-১৯ অর্থবছরের শোকেসিং অনুষ্ঠানে প্রদর্শনযোগ্য কার্যক্রমের বিবরণ:

ক্রমিক নং	প্রদর্শনযোগ্য কার্যক্রমের নাম	বিবরণ/ফলাফল
১।	মামলার কার্যতালিকা অনলাইনে প্রকাশ	<p>কোনো সংবাদপত্র বা সম্পাদক বা সাংবাদিক কর্তৃক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে সাংবাদিকতার নীতি নৈতিকতা বিরোধী সংবাদ প্রচারের ফলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হয়ে প্রেস কাউন্সিল অ্যাক্ট ১৯৭২ এর ১২ ধারা অনুযায়ী কাউন্সিলে মামলা করতে পারেন। যা পরবর্তীতে যথাক্রমে উভয়পক্ষের লিখিত জবাব, প্রতিউত্তর দাখিল ও শুনানীর করে রায় প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। এক্ষেত্রে ফরিয়াদী বা প্রতিপক্ষ উভয়েই মামলার আপডেট অবস্থা সম্পর্কে জানার জন্য দপ্তরে সশরীরে আসতে হয়।</p> <p>এছাড়া জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক কোনো সংবাদপত্রের ডিক্লারেশন প্রদানে অস্বীকৃতি বা ডিক্লারেশন বাতিল করা হলে প্রিন্টিং প্রেসেস এন্ড পাবলিকেশন্স (ডিক্লারেশন এন্ড রেজিস্ট্রেশন) অ্যাক্ট, ১৯৭৩ এর ১২ ও ২০ ধারা বলে উক্ত পত্রিকার সম্পাদক বা প্রকাশক প্রেস এপিলেট বোর্ডে আপিল মামলা করতে পারেন। উক্ত আপিল মামলার আপডেট অবস্থা সম্পর্কে জানার জন্যও ফরিয়াদী ও প্রতিপক্ষ উভয়কেই দপ্তরে সশরীরে আসতে হয়।</p> <p>কাউন্সিলে দায়েরকৃত এসব মামলার কার্যতালিকা কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হলে ফরিয়াদী বা প্রতিপক্ষসহ যেকোনো দায়েরকৃত মামলার বিষয়বস্তু, মামলার ফরিয়াদী ও প্রতিপক্ষের নাম, মামলার সর্বশেষ অবস্থা, শুনানীর তারিখ ইত্যাদি অনায়সে যেকোনো জায়গায় বসে জানতে পারবেন।</p>

মোঃ শাহ আলম
সচিব (মুদ্রাসচিব)
বাংলাদেশ প্রেস কাউন্সিল
তথ্য মন্ত্রণালয়, ঢাকা।